রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৪, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ/১১ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং ৩১৭-আইন/আয়কর/২০২১।—Income Tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত Ordinance এর অধীন Special Purpose Vehicle (SPV)-কে নিম্নবর্ণিত শর্তে নিম্নরূপ কর অব্যাহতি সুবিধা প্রদান করিল, যথা :—

(ক) Special Purpose Vehicle (SPV) এর সুকুক (Sukuk) সম্পর্কিত অর্জিত আয় করমুক্ত থাকিবে; এবং

(খ) অরিজিনেটর (Originator) এবং Special Purpose Vehicle (SPV) এর মধ্যকার সুকুক সম্পর্কিত পারস্পরিক লেনদেন উৎসে কর কর্তনের আওতামুক্ত হইবে।

শর্তাবলি :

(অ) Special Purpose Vehicle (SPV) বাংলাদেশ ব্যাংক, বা, ক্ষেত্রমত, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশন কর্তৃক সুকুক ইস্যু করিবার লক্ষ্যে গঠিত হইবে; এবং

(আ) Special Purpose Vehicle (SPV) Income Tax Ordinance, 1984 এর বিধানাবলি পরিপালন করিবে।

মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

ব্যাখ্যা।—এই প্রজ্ঞাপনে উল্লিখিত **"Special Purpose Vehicle (SPV)"** অর্থ বাংলাদেশ ব্যাংক, বা, ক্ষেত্রমত, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশন কর্তৃক অনাপত্তি প্রদানকৃত কোনো অ-মুনাফাভোগী ট্রাস্ট বা কোম্পানি।

২। ৯ আগস্ট, ২০০৩ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২৪৩-আইন/২০০৩/আয়কর এতদ্দ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোঃ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com